# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৯৪৪

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - উত্তম সদাক্বার বর্ণনা

### আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يُسْأَلُ بِوَجْهِ اللَّهِ إِلَّا الْجَنَّةُ» . رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

১৯৪৪-[১৬] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহর জাতের দোহাই দিয়ে জান্নাত ছাড়া অন্য কিছু চেয়ো না। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ১৬৭১, রিয়াযুস সালিহীন ১৭৩১, য‘ঈফ আত্ তারগীব ৫০৬, য‘ঈফ আল জামি‘ আস্ সগীর ৬৩৫১।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘‘আল্লাহর নামে জান্নাত ব্যতীত কিছু চাওয়া যায় না’’ এর অর্থ হলো- জান্নাত মানুষের নিকট চাওয়া যায় না। এ বিষয়টির দু’টি দিক রয়েছে, (এক) আল্লাহর নামে মানুষের নিকট কিছু চাওয়া যাবে না। (দুই) আল্লাহর নিকট দুনিয়ার কোন তুচ্ছ জিনিস চাওয়া উচিত না। তার নিকট তার নামে শুধু জান্নাতই চাওয়া উচিত। মূলত এখানে আল্লাহর নিকট বেশি বেশি জান্নাত চাওয়ার প্রতি উৎসাহ দেয়া উদ্দেশ্য। ইমাম ত্বীবী বলেন, তোমরা আল্লাহর নামে মানুষের নিকট কিছু প্রার্থনা করো না। যেমন- কেউ যেন এ কথা না বলে যে, আমাকে আল্লাহর নামে বা আল্লাহর ওয়াস্তে কিছু দাও। কারণ আল্লাহর নাম সবচেয়ে মর্যাদাপূর্ণ, যে নাম দ্বারা পৃথিবীর ভোগ্য তুচ্ছ বিষয়াবলী চাওয়া তার নামের মর্যাদার জন্য হানিকর। (উল্লেখ্য যে, জান্নাতের তুলনায় পৃথিবীর সকল কিছুই তুচ্ছ ও নগণ্য।) তাই তোমরা আল্লাহর নামে জান্নাত চাও। আল্লামা মুল্লা ‘আলী ক্বারী বলেন, আল্লাহর নামে জান্নাত ব্যতীত কিছু চাওয়া উচিত নয়। তাই কেউ যখন জান্নাত চাইবে তখন সে এ দু‘আ বলবে, (اَللّٰهُمَّ إِنَّا نَسْأَلُكَ بِوَجْهِكَ الْكَرِيْمِ أَنْ تُدْخِلَنَا جَنَّةَ النَّعِيْمِ)

(উল্লেখ্য যে, আল্লাহর নামে কেউ যদি কোন মানুষের কাছে কিছু চায় তাহলে তার উচিত তাকে তা দেয়া। কারণ এখানে আল্লাহর নামের মর্যাদা জড়িত। এখানে আরেকটি বিষয় লক্ষ্য রাখতে হবে যে, আল্লাহর নামে মানুষের কাছে চাইতে এখানে নিষেধ করা হয়েছে। আল্লাহর নিকট চাইতে নিষেধ করা হয়নি, এমনকি অন্য হাদীসে জুতোর ফিতা হারিয়ে গেলেও তা আল্লাহর নিকট চাওয়ার কথা বর্ণিত হয়েছে। তাই সকল কিছুই আল্লাহর নিকট চাইতে হবে তবে আল্লাহর নামে জান্নাত ব্যতীত কিছু চাওয়া উচিত নয়। -অনুবাদক)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56504

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন